



মিছিল নয়, জনসেবামুখী রাজনীতিতে জোর দিচ্ছে বিএনপি: তারেক রহমান



সংগৃহীত ছবি

শুধু আন্দোলন বা স্লোগানকেন্দ্রিক রাজনীতিতে সীমাবদ্ধ না থেকে জনকল্যাণকে অগ্রাধিকার দিতে চায় বিএনপি—এ কথা জানিয়েছেন দলের চেয়ারম্যান তারেক রহমান।

সোমবার (১৯ জানুয়ারি) যশোরে বিরল রোগে আক্রান্ত শিশু আফিয়ার পরিবারের সঙ্গে ভার্চুয়ালি যুক্ত হয়ে বিএনপির উদ্যোগে নির্মিত নতুন ঘর হস্তান্তর করেন তিনি।

এ সময় তারেক রহমান বলেন, রাজনীতির লক্ষ্য হওয়া উচিত মানুষের উপকার। একে অপরকে দোষারোপে জনগণের জীবনমান বদলায় না। তিনি অসহায়দের জন্য ফ্যামিলি কার্ড ও কৃষি কার্ড চালুর কথাও জানান।

তিনি আরও বলেন, বিএনপি সরকার গঠন করলে গ্রামে গ্রামে চিকিৎসাসেবা পৌঁছে দিতে এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়া হবে। পাশাপাশি নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন এবং বন্যা নিয়ন্ত্রণে খাল খননের উদ্যোগ নেওয়া হবে।

LENS ASIA